# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ২১৬২

৯. পানীয় অধ্যায় (كتاب الأشربة)

পরিচ্ছেদঃ ২২. যিনি প্রবাহমান নদী হতে চুমুক দিয়ে পানি পান করেন, তাঁর সম্পর্কে

بَاب فِي الَّذِي يَكْرَعُ فِي النَّهْرِ

### আরবী

أَخْبَرَنَا إِسْحَقُ بْنُ عِيسَى حَدَّثَنَا فُلَيْحُ بْنُ سُلَيْمَانَ عَنْ سَعِيدِ بْنِ الْحَارِثِ الْأَنْصَارِيِّ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ أَتَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلًا مِنْ الْأَنْصَارِ يَعُودُهُ وَجَدْوَلٌ يَجْرِي فَقَالَ إِنْ كَانَ عِنْدَكُمْ مَاءٌ بَاتَ فِي الشَّنِّ وَإِلَّا كَرَعْنَا

### বাংলা

২১৬২. জাবির ইবনু ’আবদুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আনসারদের এক লোকের কাছে গেলেন। এরপর তিনি ফিরে যাচ্ছিলেন। আর (পাশ দিয়ে) পানির নহর প্রবাহিত হচ্ছিল। তিনি আনসারীকে বললেনঃ “তোমার কাছে যদি মশকে রাখা গত রাতের পানি থাকে তাহলে আমাদের পান করাও। আর না থাকলে আমরা (নদীতে) মুখ লাগিয়েই পান করব।”[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ জাইয়্যেদ।

তাখরীজ: বুখারী, আশরিবাহ ৫৬১৩;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২০৯৭ ও সহীহ ইবনু হিব্বান নং ৫৩১৪, ৫৩৮৯ তে। এছাড়াও, ইবনু আবী শাইবা ৮/২২৮-২২৯ নং ৪২৬৮।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82445

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন